

স্নাতকোত্তর অন্ত্য-সেমিস্টার পরীক্ষা, ২০২৫

দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সেমিস্টার

বাংলা বিভাগ

কোর্স : পিজি/৪.৫২

বিষয় : মধ্যযুগের সাহিত্য-সংস্কৃতি সমালোচনা

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

৩×১০ = ৩০

১। উনিশ শতকে বাংলা সাহিত্যের ইতিহাস রচনা প্রকল্পে প্রায় সকলেই ভাষার ইতিহাসকে যুক্ত করেই তাঁদের সাহিত্যের ইতিহাস গ্রন্থ রচনা করেছেন। এইরকম পরিকল্পনার কারণ কী বলে তোমার মনে হয়? প্রাসঙ্গিক দৃষ্টান্তসহ নিজের মতামতের সপক্ষে যুক্তি দাও।

অথবা

২। ‘মধ্যযুগ’-এর সাহিত্য মূল্যায়নে রামগতি ন্যায়রত্ন নৈতিকতাকেই প্রাধান্য দিয়েছেন। তুমি কি এই মন্তব্যের সঙ্গে একমত হবে? যুক্তিসহ নিজের মতামত লেখো।

অথবা

৩। গোপাল হালদার সাহিত্যের ইতিহাসকে সংস্কৃতির ইতিহাসের সঙ্গে যোগ রেখে পড়ার কথা প্রস্তাব করেছেন। মধ্যযুগের সাহিত্য বিষয়ক আলোচনায় তিনি কীভাবে এই বোঝাপড়াকে মান্যতা দিয়েছেন বলে তুমি মনে কর। প্রাসঙ্গিক দৃষ্টান্ত সহ নিজের মতামত জানাও।

৪। বাংলা সাহিত্যের ইতিহাস পড়ার জন্য ‘বাঙালির ইতিহাস’-কে গুরুত্বপূর্ণ মনে করেছিলেন বলেই আহমদ শরীফ নিজের গ্রন্থনামে ‘বাঙালী ও বাঙলা সাহিত্য’ শব্দবন্ধটি ব্যবহার করেন। তুমি এই মন্তব্যটিকে কীভাবে ব্যাখ্যা করবে জানাও।

৫। হিতেশ্বরজ্ঞান সান্যালের ‘বাঙ্গলা কীর্তনের ইতিহাস’ গ্রন্থের ‘অবতরণিকা’য় বলা হয়েছে ‘সাধকের বিবেচনায় কীর্তন ভক্তিসাধন ও মুক্তির উপায়, কিন্তু ইহা সামাজিক সন্মিলনের উপলক্ষ এবং লোকশিক্ষার বাহনও বটে।’ গ্রন্থ প্রকল্পনার সূত্রে এই কথাটির কি কোনো সমর্থন মেলে? নিজের মতের সপক্ষে যুক্তি দাও।

৬। বিমানবিহারী মজুমদারের ব্যক্তিজীবন বৈষম্য ধর্ম প্রভাবিত হলেও কোনো ধর্ম-সম্প্রদায়গত নয় বরং নৈর্ব্যক্তিক দৃষ্টিভঙ্গিই প্রাধান্য পেয়েছিল তাঁর বৈষম্য ধর্মনির্ভর আলোচনায়। ‘শ্রীচৈতন্যচরিতের উপাদান’ গ্রন্থটি সম্পর্কে এই মন্তব্য কতখানি গ্রহণযোগ্য? নিজের মতামত জানাও।

অথবা

৭। হরেকৃষ্ণ মুখোপাধ্যায়ের সামগ্রিক বৈষম্য পদাবলির সংকলনই হোক বা পদকর্তা ভিত্তিক সম্পাদনা, প্রতিক্ষেত্রেই গুরুত্বপূর্ণ হয়ে উঠেছিল পুথিকেন্দ্রিক পদসংগ্রহ ও সেগুলির নির্ভরযোগ্য সম্পাদনা। এরই সঙ্গে তাঁর পদাবলিচর্চায় যুক্ত হয়েছিল নানামাত্রিক ‘একাডেমিক’ জটিলতা। এ বিষয়ে তোমার বক্তব্য জানাও।

৮। শশিভূষণ দাশগুপ্তের সমালোচনার অন্যতম বৈশিষ্ট্যই হল সাহিত্য ও দর্শনের সহাবস্থান। ‘শ্রীরাধার ক্রমবিকাশ’ বইটির প্রেক্ষিতে বিষয়টি বুঝিয়ে লেখো।

অথবা

৯। বিশ শতকের বিশেষ কালপর্বে দাঁড়িয়ে আশুতোষ ভট্টাচার্যের মঙ্গলকাব্যচর্চার প্রাসঙ্গিকতা আলোচনা করে বুঝিয়ে দাও — ‘বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস’ বইটিতে কীভাবে সংস্কৃতির বহুমাত্রিক অভিমুখগুলি যুক্ত হয়েছিল?

